

যুগান্তর

1-1 FFR '১৯৯৯'
৯

শিক্ষক নিয়োগে অনিয়ম

সম্প্রতি প্রাথমিক বিদ্যালয়ে আইডিএ/এডিবি একট ২০০১-এ শিক্ষক নিয়োগে অনিয়ম লক্ষ্য করা গেছে। কুমিল্লা জেলার মেঘনা উপজেলায় একজন প্রার্থী হিসেবে আমি সিরিভ ও মৌখিক পরীক্ষায় উত্তীর্ণ হয়েও নিয়োগ লাভ থেকে বঞ্চিত হয়েছি। গত ১৫/১১/২০০২-এ প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক পদের নির্বাচনী সিরিভ পরীক্ষায় অংশগ্রহণ করি। পরবর্তী সময়ে সিরিভ পরীক্ষার ফলাফল প্রকাশিত হলে উক্ত ফলাফল তালিকায় আমার রোল নং ৯৫৪ অন্তর্ভুক্ত থাকে। কিছুদিন পর মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য একটি প্রবেশপত্র পাই এবং ১১/০১/২০০৩-এ জেলা প্রশাসক কুমিল্লা মহোদয়ের অফিস কক্ষে সহকারী শিক্ষক পদের নিয়োগ লাভের নিমিত্তে মৌখিক পরীক্ষায় আমি নিজ উপজেলা মেঘনা থেকে অংশগ্রহণ করি। উক্ত মৌখিক পরীক্ষায় জেলা পরীক্ষা পরিচালনা কমিটির প্রতিটি প্রশ্নের সঠিক জবাব দিতে সক্ষম হই। আমার নিজ জেলার মেঘনায় সরকারি প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষকের অনেক পদ শূন্য থাকা সত্ত্বেও এক উপজেলায় একজন প্রার্থী সিরিভ এবং মৌখিক পরীক্ষায় উত্তীর্ণ হয়েও নিয়োগ লাভ থেকে বঞ্চিত হওয়া শিক্ষক নিয়োগে অনিয়ম নয় কি? আমার সংশয় হয়তো কোন অডে মহল আমার নিয়োগ প্রতিতে বাধার কারণ হয়ে দাঁড়িয়েছে নতুবা বর্তমান সরকারের কোন রাজনৈতিক নেতার আশীর্বাদ পুষ্ট হতে পারিনি বলে নিয়োগ লাভ থেকে বঞ্চিত হয়েছি। বিষয়টি সুষ্ঠু অনুসন্ধান করে সঠিক নিয়োগ প্রক্রিয়া অনুসরণপূর্বক এই অনিয়ম রোধকল্পে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্তৃপক্ষের কাছে বিনীত আবেদন করছি।

মোহাম্মদ আল আমিন, গ্রাম-মহেশাবাদা, উপজেলা-মেঘনা